গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# অংশীজনের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম, এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ভার্চুয়াল সভা |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। তিনি প্রথমে ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত অংশীজনের সঙ্গে ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ১৫ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ-এর মধ্যে উত্তম চর্চার তালিকা প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। অধিকাংশ অধিদপ্তর-দপ্তর-সংস্থা উত্তম চর্চার তালিকা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করেছেন, এজন্য তিনি তাদের ধন্যবাদ জানান। কিন্তু কিছু দপ্তর-সংস্থা তালিকা প্রেরণ করেননি। এ বিষয়ে সভাপতি যে সকল দপ্তর-সংস্থা উত্তম চর্চার তালিকা প্রেরণ করেনি তাদের দৃষ্টি আকর্ষন করলে তারা আগামী সপ্তাহের মধ্যে তালিকা প্রেরণ করবেন মর্মে জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে। নির্দিষ্ট সময়ের পরে কার্যক্রম সম্পাদন করলে ঐ কার্যক্রমের বিপরীতে কোন নম্বর পাওয়া যাবে না। সিনিয়র সহকারী সচিব আরো বলেন যে, ১৯ টি অধিদপ্তর-দপ্তর-সংস্থা থেকে উত্তম চর্চার তালিকা পাওয়া গেছে, এর মধ্য থেকে যাচাই-বাছাইক্রমে ০৫টি অধিদপ্তর-দপ্তর-সংস্থার ০৯ (নয়) টি কার্যক্রমের তালিকা নির্বাচন করা হয়েছে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক প্রণয়নকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপঞ্জিকা প্রণয়ন (Monthly Activities Execution Calender) টি উত্তম চর্চার তালিকা হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের কার্যক্রম রয়েছে। তিনি প্রশিক্ষণ সংক্রান্ত অগ্রগতির বিষয়ে অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তারা জানান যে, প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান আছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য চাকরি এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সুশাসন সংক্রান্ত কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

**৩. সিদ্ধান্তসমূহ:**

| | |
|---|---|
| ৩.১ | নির্ধারিত সময়ের মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে; |

| | |
|---|---|
| ৩.২ | স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে; |
| ৩.৩ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদ ও বাস্তবায়ন করতে হবে; |
| ৩.৪ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন করতে হবে; |
| ৩.৫ | নির্ধারিত সময়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে; |
| ৩.৬ | নির্ধারিত সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.)-এর অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন A.P.A.M.S সফটওয়্যারে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং সম্পাদিত কার্যক্রমসমূহের প্রমাণক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। |
| ৩.৭ | ১৯ টি অধিদপ্তর-দপ্তর-সংস্থা থেকে প্রাপ্ত উত্তম চর্চার তালিকা থেকে যাচাই-বাছাইক্রমে ০৫টি অধিদপ্তর-দপ্তর-সংস্থার ০৯টি কার্যক্রমের তালিকা উত্তম চর্চা হিসেবে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.১৫৪

তারিখ: ৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ......................... (সকল)।
৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)